



দক্ষিণ লেবাননে ইসরায়েলি বিমান হামলায় নিহত ৩



সংগৃহীত ছবি

দক্ষিণ লেবাননের বিভিন্ন এলাকায় ইসরায়েলি বিমান হামলা ও গোলাবর্ষণে অন্তত তিনজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন আরও পাঁচজন। একই সময়ে ইসরায়েলি বাহিনীকে লক্ষ্য করে পাল্টা হামলা চালিয়েছে হিজবুল্লাহ। খবর দিয়েছে শাফাক নিউজ।

লেবাননের স্থানীয় গণমাধ্যম জানায়, বৃহস্পতিবার নাবাতিয়েহ ও টাইর জেলার একাধিক এলাকায় হামলা চালায় ইসরায়েলি বাহিনী। আলি আল-তাহের পাহাড়ি অঞ্চল, ইয়োহমোর আল-শাকিফ, কফারতেবনিত ও জেবশিত এলাকায় ব্যাপক বোমাবর্ষণের ঘটনা ঘটে।

তবে এসব এলাকায় তাৎক্ষণিকভাবে হতাহতের তথ্য পাওয়া না গেলেও হামলায় ব্যাপক ক্ষয়ক্ষতির খবর পাওয়া গেছে। উত্তেজনাপূর্ণ পরিস্থিতিতে সীমান্ত এলাকায় নতুন করে উদ্বেগ বাড়ছে।

LENS ASIA